



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।



<http://dpe.mymensinghdiv.gov.bd>

স্মারক নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪০.২০.১০৮

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৭

২৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: নেত্রকোনা জেলাধীন দুর্গাপুর উপজেলার দক্ষিণ ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: রফিকুল ইসলাম এর বিভাগীয় মামলা প্রসঙ্গে

যেহেতু আপনি জনাব মো: রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক, দক্ষিণ ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দুর্গাপুর,

নেত্রকোনা কর্মরত ছিলেন এবং বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত আছেন; এবং

যেহেতু, আপনি বিগত ১৩.০১.২০২০ খ্রি: তারিখ বিদ্যালয়ের পুরাতন খাতাপত্র ১১৫ কেজি এবং পুরাতন পাঠ্যবই ১২৫ কেজি বিনানুমতিতে বিধি বর্হিভূতভাবে বিক্রি করেছেন; এবং

যেহেতু, এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোনা এর স্মারক নং জেপ্রাশিঅ/নেত্র/তদন্ত/২০২০/১২০, তারিখ: ১৯.০১.২০২০ খ্রি: পত্রমূলে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ পত্র প্রেরণ করেছেন; এবং

যেহেতু বিদ্যালয়ের পুরাতন খাতা ও পুরাতন পাঠ্যবই বিক্রির অভিযোগে স্মারক নং ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪০.২০.২৪৯, তারিখ: ৪০.০২.২০২০ খ্রি: মূলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং আপনাকে কারণ দর্শানোর লিখিত ও মৌখিক শুনানী প্রদান করার জন্য বলা হয়; এবং

যেহেতু, আপনি বিগত ২০.০২.২০২০ খ্রি: তারিখে কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেছেন ও ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছাপোষণ করেছেন এবং বিগত ০৯.০৩.২০২০ খ্রি: তারিখ ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেছেন; এবং

যেহেতু, আপনার এবিষয়ে অত্র কার্যালয়ের স্মারক নং ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪০.১৯.৭২২, তারিখ: ৩১.০৫.২০২০ খ্রি: অনুসারে আনীত অভিযোগ সরেজমিনে তদন্ত করার জন্য ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোনা এর স্মারক নং জেপ্রাশিঅ/নেত্র/৮০৪, তারিখ: ২৭.০৭.২০২০ খ্রি: মোতাবেক তদন্ত কমিটির কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, আপনাকে এবিষয়ে অত্র কার্যালয়ের স্মারক নং ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪০.১৯.১৭০, তারিখ: ১৪.০৯.২০২০ খ্রি: অনুসারে ২য় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়; এবং

সেহেতু, উক্ত ২য় কারণ দর্শানোর নোটিশে আপনার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হয় এবং শাস্তি প্রদানের কথা আপনাকে জানানো হয়; এবং

সেহেতু, আপনার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনসহ সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় অসদাচরণের দায়ে ৪(২)(ক) ধারা মোতাবেক তিরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(২) (ক) এর ধারা মোতাবেক লঘুদণ্ড হিসেবে তিরস্কৃত করা হলো।

২৬-২-২০২১

মোঃ আনোয়ার হোসেন

উপপরিচালক


জনাব মো: রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক

স্মারক নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪০.২০.১০৮/১(৫)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৭
২৬ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, নেত্রকোণা
- ৩) শিক্ষা কর্মকর্তা, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ (উক্ত আদেশটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৪) উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, দুর্গাপুর, নেত্রকোণা
- ৫) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলা হিসাব রক্ষণ অফিসারের কার্যালয়, দুর্গাপুর, নেত্রকোণা



২৬-২-২০২১

মোঃ আনোয়ার হোসেন

উপপরিচালক